# মুমিনের দু‘আ

বিভাগ/অধ্যায়ঃ দু‘আসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ডা. মুহাম্মদ আবুবকর সিদ্দিক (সংকলক)

দু‘আ করার ফযীলত

দু‘আ (دُعَاء) শব্দের অর্থ ডাকা, কিছু চাওয়া, প্রার্থনা করা ইত্যাদি। বিনয়ের সাথে আল্লাহর নিকট প্রার্থনা করা হলো দু‘আ। আল্লাহ বলেন বলেন, ‘তোমরা আমার নিকট দু‘আ করো, আমি তোমাদের দু‘আ কবুল করব’ (সূরা আল-মুমিন : ৬০)।

নবী করীম সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেন, ‘কোনো মুসলিম ব্যক্তি যদি আল্লাহর নিকট দু‘আ করে এবং সে দু‘আর মধ্যে পাপ ও আত্মীয়তা ছিন্ন করার কথা না থাকে, তবে আল্লাহ উক্ত উক্ত দু‘আর বিনিময়ে তাকে তিনটির যেকোনো একটি দান করেন। যথা-

(১) তার দু‘আ দ্রুত কবুল করেন।

অথবা

(২) তার প্রতিদান আখেরাতে প্রদানের জন্য জমা রাখেন।

অথবা

(৩) তার থেকে অনুরূপ আরেকটি কষ্ট দূরীভূত করেন।

এ কথা শুনে সাহাবীগণ বললেন, তা হলে আমরা বেশি বেশি দু‘আ করব। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বললেন, আল্লাহ আরও আরও বেশি দু‘আ কবুলকারী’ (মুসনাদে আহমাদ, মিশকাত, হা/২২৫৯)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14997

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন